তারিখ 23 APR 2016
পৃষ্ঠা ১৩ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# জিপিএ-৫ শিক্ষার প্রকৃত মান না

## ---- ড. আরেফিন সিদ্দিক

■ চুয়াডাঙ্গা প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. প্রফেসর আ আ ম স আরেফিন সিদ্দিক বলেছেন, জিপিএ-৫ প্রাপ্তিই শিক্ষার প্রকৃত মান না; অনেক উচ্চ শিক্ষিত মানুষের মধ্যে এখনও দুর্নীতি ও অনিয়ম রয়েছে। এরাই আমাদের প্রতিবন্ধকতা। এরা কোন অবস্থাতেই প্রকৃত শিক্ষিত নয়।

শুক্রবার চুয়াডাঙ্গা সরকারি কলেজ চত্বরে অনুষ্ঠিত শিক্ষা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

জাতীয় সংসদের হুইপ সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা সমাবেশে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ বিভাগের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর ড. শেখ আব্দুস সালাম। চুয়াডাঙ্গা জেলা পরিষদের সার্বিক ব্যবস্থাপনায় অনুষ্ঠিত সমাবেশে স্বাগত বক্তব্য রাখেন জেলা পরিষদ প্রশাসক মাহফুজুর রহমান মঞ্জু। এ সময় জেলা প্রশাসক সায়মা ইউনুস, পুলিশ সুপার রশীদুল হাসান, সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক কামরুজ্জামান, স্থানীয় কলেজ ছাত্রলীগ নেতা তামিম হাসান তারেখ প্রমুখ বক্তব্য রাখেন।